# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 03 May, 2025

চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ৪১৯ জন যাত্রী নিয়ে মদিনার উদ্দেশে যাত্রা করেছে হজ ফ্লাইট।শনিবার (৩ মে) বিকাল ৫টা ৪০ মিনিটে বাংলাদেশ বিমানের বিজি-১৩৭ (বোয়িং-৭৭৭) নামের ফ্লাইটটি যাত্রা শুরু করে।

শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরের পরিচালক গ্রুপ ক্যাপ্টেন শেখ আবদুল্লাহ আলমগীর জানান, হজযাত্রী নিয়ে মদিনার উদ্দেশে ছেড়ে গেছে বিমানের প্রথম ফ্লাইট।

তিনি জানান, এবার চট্টগ্রাম থেকে ১৭টি ফ্লাইটের মাধ্যমে ৬ হাজার ৬১৮ জন হজযাত্রীদের পরিবহন করা হবে। এর মধ্যে ১৪টি ফ্লাইট জেদ্দা রুটে এবং তিনটি ফ্লাইট মদিনা রুটে পরিচালনা করা হবে।

শনিবার দুপুর আড়াইটায় চট্টগ্রামে হজ ফ্লাইটের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরের পরিচালক গ্রুপ ক্যাপ্টেন শেখ আব্দুল্লাহ আলমগীর। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিমান চট্টগ্রাম জেলা ব্যবস্থাপক আল মামুন ফারুক।

আরও উপস্থিত ছিলেন, হাব চট্টগ্রাম জোনের চেয়ারম্যান শরীয়ত উল্ল্যাহ শহীদ, আটাব চট্টগ্রাম জোনের চেয়ারম্যান মো. আবু জাফর, হাব চট্টগ্রামের সেক্রেটারি মো. আব্দুল মালেক, আটাব চট্টগ্রাম জোনের সেক্রেটারি মো. ইদ্রিস মিয়াসহ হাব-আটাবের কার্যকরী কমিটির সদস্যবৃন্দ।

হজ হজ ফ্লাইট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 13:41

URL: https://www.timestodaybd.com/public/chittagong/7606351851